বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

এসএসসি পরীক্ষা-২০২১ এর

দ্বিতীয় প্রস্তুতিমূলক মূল্যায়ন

বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয় কোড:১১১

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ১০০

[প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও]

১। মসজিদের ইমাম সাহেব তাঁর খুতবায় বললেন, শুধু মুখে ইমান আনলেই ইমানের দাবি পূরণ হয় না।তিনি আরও বলেন, ইমান ও ইসলামের মধ্যে রয়েছে ঘনিষ্ঠ ও অবিচ্ছেদ্য সম্পর্ক যেমন রয়েছে গাছের মূলের সাথে শাখা-প্রশাখার। ইমান অন্তরের সাথে, আর ইসলাম বাহ্যিক আচরণ ও কার্যাবলির সাথে সম্পৃক্ত। প্রকৃতপক্ষে এ দুটো একে অপরের পরিপূরক।

ক. ইমান শব্দটির অর্থ কী? ১

খ. ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা-ব্যাখ্যা কর। ২

গ.ইমান ও ইসলাম সম্পর্কিত যে তত্ত্বটি উদ্দীপকে ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের প্রথম কথাটি কতটুকু যৌক্তিক বলে মনে কর? মতামত দাও। ৪

২। বর্তমান সময়ে কতিপয় ছাত্র, সাধারণ মানুষ যে যেখানেই অবস্থান করছে, সেখান থেকেই যেন নানা অপরাধমূলক কাজে জড়িয়ে পড়ছে। একজন অন্যজনের সাথে মারামারি করে। তারা গাড়িতে উঠে ভাড়া দেয় না। এই অসহ্যকর অবস্থায় এলাকার কয়েকজন মুরব্বি বৈঠকে বসলেন, সেখানে একজন জ্যেষ্ঠ ব্যক্তি বললেন, মানুষের মধ্যে ইমানি চেতনা প্রয়োজন । কেননা ইমান ও মানবিক মূল্যবোধ ওতপ্রোতভাবে জড়িত।

ক. তাকওয়ার মূলভিত্তি কী? ১

খ. তাওহিদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ছাত্রদের মধ্যে কীসের অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বৈঠকে জ্যেষ্ঠ ব্যক্তির উক্তিটি ইসলামের দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৪

৩। শরিয়তের উৎস সম্পর্কে ক্লাসে শিক্ষক আলোচনা করেন। তিনি বলেন, শরিয়তের চারটি উৎস রয়েছে। এর মধ্যে দ্বিতীয়টি হলো হাদিস। হাদিস হলো কুরআনের ব্যাখ্যা। তিনি একটি গুরুত্বপূর্ণ হাদিস নিয়েও আলোচনা করেন। হাদিসটি হলো- নিশ্চয়ই সকল কাজের ফলাফল নিয়তের ওপর নির্ভরশীল।

ক. হাদিসের অংশ কয়টি? ১

খ. মারফু হাদিস কী তা বুঝিয়ে লিখ। ২

গ.উদ্দীপকে বিবৃত শরিয়তের উৎসটি পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত হাদিসটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। সাদিক একজন ব্যবসায়ী। তিনি মনে করেন ইসলামি শরিয়তের নিয়ম-কানুনগুলো কেবল সালাত,সাওম,যাকাত প্রভৃতির ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু এ বিধানগুলো ব্যবসা-বাণিজ্য বা অর্থনৈতিক লেনদেনের ক্ষেত্রে অনুকরণ করা জরুরি নয়। জনাব রফিক নামের একজন মুসলিম দার্শনিক তাকে উপদেশ দিতে গিয়ে এ আয়াত তিলাওয়াত করল-"তোমরা কি কুরআনের এক অংশ গ্রহণ এবং অপর অংশ প্রত্যাখ্যান করবে?"

ক. 'ওয়াজিব' শব্দের অর্থ কী? ১

খ. 'শরিয়ত' কী? ব্যাখ্যা কর। ২

গ. ইসলামের দৃষ্টিতে জনাব সাদিকের মনোভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রফিকের উল্লিখিত আয়াতটির শিক্ষা বিশ্লেষণ কর। ৪

৫। পেক্ষাপট-এক; জনাব আলমাস একজন শিল্পপতি। তার কারখানায় অনেক শ্রমিক কাজ করেন তিনি শ্রমিকদের সাথে সৌজন্যমূলক আচরণ করেন এবং যুগোপযোগী বেতনাদি প্রদান করেন।

পেক্ষাপট- দুই; কোনো কোনো সময় খবরের কাগজে পুলিশ-শ্রমিক সংঘর্ষ ও বিভিন্ন কারখানায় ভাংচুরের ঘটনা শীর্ষক শিরোনাম দেখতে পাওয়া যায়

ক. রমযান মাসের একমাস সাওম পালন করা কাদের ওপর ফরজ? ১

খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝায়? ২

গ. কোন নীতি অবলম্বন না করার কারণে পেক্ষাপট দুই-এর ঘটনা ঘটে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পেক্ষাপট এক-এর বিষয়টি মহানবি(স.) এর সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। লামিয়া নানা রকম নিন্দনীয় স্বভাবে অভ্যস্ত। একদিন একটি ইসলামি অনুষ্ঠানে এক আলোচকের বক্তব্য শুনে সে বুঝতে পারে- একটি সৎ স্বভাব অর্জন করতে পারলে সে যাবতীয় অন্যায়, অশ্লীলতা ও অন্যান্য পাপাচার থেকে নিজেকে রক্ষা করতে পারবে। পরবর্তীতে সে উক্ত স্বভাব অবলম্বন করে নির্মল ও মার্জিত জীবনযাপনে অভ্যস্ত হয়।

ক. 'ওয়াদা পালন' এর আরবি প্রতিশব্দ কী? ১

খ. ওয়াদা পালন করা মুমিনের বৈশিষ্ট্য-ব্যাখ্যা কর। ২

গ. লামিয়ার স্বভাব পরিবর্তনে আখলাকে হামিদার কোন গুণটি প্রভাব বিস্তার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নৈতিক জীবনে উক্ত গুণের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭। জনাব মনোয়ার ও সানোয়ার একই এলাকার অধিবাসী। সামাজিক প্রভাব বিস্তারকে কেন্দ্র করে মনোয়ার সানোয়ার সাহেবের উপর চড়াও হন। এমনকি তিনি শারীরিক ও মানসিকভাবে তাকে নির্যাতন করেন। পরবর্তীতে সানোয়ার সাহেব প্রতিশোধ নেয়ার সুবর্ণ সুযোগ পেয়েও মনোয়ার সাহেবকে ক্ষমা করে দেন। পরবর্তীতে সানোয়ার সাহেব ঘোষণা করেন- দাস-দাসীদের প্রতি তোমরা সদ্ব্যবহার করবে। ধর্ম নিয়ে বাড়ি-বাড়ি করবে না। স্ত্রীদের সাথে সদয় আচরণ করবে।

ক. হারবুল ফিজার কী? ১

খ. মহানবি(স.)কে মানবতার সর্বশ্রেষ্ঠ আদর্শ বলা হয় কেন? ২

গ. মনোয়ার সাহেবের প্রতি সানোয়ার সাহেবের আচরণের সাথে মহানবি(স.) এর জীবনের কোন ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সানোয়ার সাহেবের শেষ বাক্যগুলো মহানবি (স.) এর জীবনের বিদায় হজের ভাষণের আলোকে মূল্যায়ন কর। ৪

৮। সংক্ষেপে উত্তর দাও: ৩০

১.ইসলামকে শান্তির ধর্ম বলা হয় কেন?
২.কীসের মাধ্যমে ইমানের বহি:প্রকাশ ঘটে?
৩.মানবিক মূল্যবোধ বলতে কী বোঝ?
৪.মানুষকে আশরাফুল মাখলুকাত বলা হয় কেন?
৫.ইসলামের সকল শিক্ষা ও আদর্শ কীসের উপর প্রতিষ্ঠিত?
৬.ইবাদতের প্রদ্ধতি ও নিয়ম-কানুন জানার মাধ্যমকে কী বলে?
৭.মক্কা নগরীকে নিরাপদ বলা হয়েছে কেন?
৮.মতনের ভিত্তিতে হাদিস কত প্রকার ও কী কী?
৯.মহানবি (স.)এর জীবদ্দশায় হাদিস লিখে রাখা নিষেধ ছিল কেন?
১০.'আল-মুয়াত্তা' গ্রন্থের সংকলক কে?
১১.সুন্নাতে মুয়াক্কাদাহ কাকে বলে?
১২.ফরজে আইন বলতে কী বোঝ?
১৩.এক মুসলিমের উপর অপর মুসলিমের কয়টি হক রয়েছে?
১৪.'আস-সাদিকা' গ্রন্থের উল্লেখযোগ্য বিষয় কী ছিল?
১৫.তাকওয়া অর্জনের অন্যতম মাধ্যম কী?
১৬.হযরত আনাস (রা.) মহানবি (স.) এর খেদমতে কতদিন ছিলেন?
১৭.'আখলাকে হামিদাহ' এর অপর নাম কী?
১৮.ইসলামি শরিয়তে প্রতারণার বিধান কী?
১৯.তাকওয়া বলতে কী বোঝায়?
২১.'আস-সাবউল মুআল্লাকাত' অর্থ কী?
২২.কে মহানবি (স.)কে অসাধারণ বালক বলে ভবিষ্যদ্বানী করেন?
২৩.ইসলামে 'জাবালে রহমত' বিখ্যাত কেন?
২৪.মদিনার লোকজন কোন স্থানে এসে ইহরাম বাঁধবেন?
২৫.মহানবি (স.) বিদায় হজের ভাষণের পর সাহাবীদের উদ্দেশ্যে সর্বশেষ কোন শব্দ ব্যবহার করেন?
২৬.মহানবি (স.) মদিনায় হিজরত করে মদিনার কোন দুই গোত্রের মধ্যে চলমান যুদ্ধ দেখতে পান?
২৭.ইসলামের বিশ্বাসগত দিকের নাম কী?
২৮.'মাউন' শব্দের অর্থ কী?
২৯.'আস-সাদিকা' গ্রন্থের সংকলক কে?
৩০.বিদায় হজের ভাষণের পর পরই আল-কুরআনের কোন আয়াত নাযিল হয়?